



পদত্যাগ করলেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার



পদত্যাগ করলেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। ছবি: সংগৃহীত

নিজ দল লেবার পার্টির একাংশ এবং মন্ত্রিসভার কয়েকজন সদস্যের ক্রমবর্ধমান চাপের মুখে পদত্যাগের ঘোষণা দিয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। নির্বাচনে জয়ের দুই বছর পূর্ণ হওয়ার আগেই নেতৃত্বের ভবিষ্যৎ নিয়ে প্রশ্নের মুখে পড়েন স্টারমার। লেবার পার্টির বেশ কয়েকজন এমপি তার পদত্যাগের সময়সূচি নির্ধারণের দাবি জানান। আগামী সাধারণ নির্বাচনের আগে নাইজেল ফারাগের দলের জনপ্রিয়তা বৃদ্ধির আশঙ্কাও দলটির ভেতরে উদ্বেগ তৈরি করেছে বলে জানা গেছে। গত শুক্রবার পর্যন্ত নেতৃত্ব নিয়ে যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলার কথা বললেও, সপ্তাহান্তে মন্ত্রীদের সঙ্গে বৈঠক এবং পরিবারের সদস্যদের সঙ্গে আলোচনা শেষে পদত্যাগের সিদ্ধান্ত নেন স্টারমার।

বিস্তারিত আসছে...

LENS ASIA